

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)



স্মারক নং-মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-২৫৫/বিইডিইউ/২০১৬/২৫২৬

তারিখ: ৩০/০৮/২০১৮ খ্রি.

বিষয়ঃ মাধ্যমিক/দাখিল (৬ষ্ঠ থেকে ৮ম) পর্যায়ে ধারাবাহিক মূল্যায়ন বিষয়ক প্রশিক্ষণে মাস্টার ট্রেইনার তৈরির লক্ষ্যে শিক্ষকবৃন্দের নামের তালিকা প্রেরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সেসিপ-এর আওতায় মাধ্যমিক পর্যায়ে (স্কুল ও মাদ্রাসা) কারিকুলামের কার্যকর বাস্তবায়নের লক্ষ্যে মাধ্যমিক/দাখিল (৬ষ্ঠ থেকে ৮ম) পর্যায়ে ধারাবাহিক মূল্যায়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত মাস্টার ট্রেইনারদের পুল প্রস্তুতের জন্য আগ্রহী ও যোগ্য শিক্ষকবৃন্দের নামের তালিকা প্রয়োজন। এছাড়া নির্ধারিত যোগ্যতা সম্পন্ন সেসিপ-এর মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকেও মাস্টার ট্রেইনার হিসাবে প্রশিক্ষণ প্রদান করা হবে। বর্ণিত প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণের জন্য তাঁর অধিক্ষেত্রাধীন যোগ্য শিক্ষকবৃন্দ এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মধ্যে নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণ করে ৩৫ জনের নামের তালিকা আগামী ০৯.০৯.২০১৭ খ্রি. তারিখের মধ্যে 'সংযুক্ত ছক' মোতাবেক [spsu.training2017@gmail.com](mailto:spsu.training2017@gmail.com) [বাংলা ফন্ট SutonnyMJ] ই-মেইল ঠিকানায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

শর্তসমূহ:

১. শ্রেণিকক্ষে পাঠদানে ন্যূনতম ০৭ (পাঁচ) বছরের অভিজ্ঞতা ও প্রশিক্ষণান্তে ন্যূনতম ১০ (দশ) বছর চাকরি অবশিষ্ট থাকতে হবে।
২. মাস্টার ট্রেইনার তৈরির লক্ষ্যে ভাল মানের শিক্ষা প্রতিষ্ঠান হতে শ্রেণিকক্ষে অধিকতর জনপ্রিয় ও শিক্ষার্থীবান্ধব শিক্ষককে মনোনয়ন করতে হবে।
৩. প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থেকে প্রশিক্ষণ পরিচালনা করার মত শারীরিক ও মানসিক সামর্থ্য থাকতে হবে।
৪. প্রাইভেট/কোচিং এ ব্যস্ত শিক্ষকগণকে আবশ্যিকভাবে এ তালিকা বহির্ভূত রাখতে হবে।
৫. মাস্টার ট্রেইনার প্রশিক্ষণ নায়েম, ঢাকায় অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণ ম্যানুয়াল অনুসরণ পূর্বক প্রশিক্ষণ দিতে হবে।
৬. মাস্টার ট্রেইনার হিসেবে প্রশিক্ষণ গ্রহণ করার পর বর্ণিত প্রশিক্ষণের মাঠ পর্যায়ের ন্যূনতম ০৪টি ব্যাচে (প্রতি ব্যাচ ০৬ দিন) প্রশিক্ষক হিসেবে অবশ্যই দায়িত্ব পালন করতে হবে। প্রশিক্ষণ শেষে তাঁকে দেশের যেকোন জেলায় মাস্টার ট্রেইনার হিসেবে দায়িত্ব পালনের নিশ্চয়তা প্রদান করতে হবে।
৭. টিসিজি প্রশিক্ষণে মাস্টার ট্রেইনার হিসেবে দায়িত্ব পালন করেছে অথবা সৃজনশীল প্রশ্নপদ্ধতিতে মাস্টার ট্রেইনার প্রশিক্ষণে ১২দিনের প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
৮. সেসিপের মাঠ পর্যায়ের কর্মকর্তা যাদের শিক্ষা বিষয়ে স্নাতক পর্যায়ের ডিগ্রি আছে এবং প্রশিক্ষক হিসেবে কমপক্ষে ০৪টি প্রশিক্ষণ পরিচালনায় অভিজ্ঞ এরূপ ১০ জন মাস্টার ট্রেইনারকে প্রশিক্ষণের জন্য মনোনয়ন দেওয়া যাবে, অর্থাৎ ১০ সেসিপ কর্মকর্তা + ২৫জন শিক্ষক (৫জন\*৫টি বিষয়) মোট ৩৫ জনের নাম প্রেরণ করতে হবে।

\*উল্লেখ্য যে, শিক্ষকগণের নামের তালিকা পাওয়ার পর প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সেসিপ হতে চূড়ান্ত মনোনয়ন আদেশ জারি করা হবে।

  
(মোঃ আবু ছাইদ শেখ)


যুগ্ম প্রোগ্রাম পরিচালক, অতিরিক্ত সচিব  
ফোন: ৯৫৫৩৭১২

জেলা শিক্ষা অফিসার (সকল)

স্মারক নং-মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-২৫৫/বিইডিইউ/২০১৬/২৫২৬  
সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

তারিখ: ৩০/০৮/২০১৮ খ্রি.

১. প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম), ঢাকা।
৩. পরিচালক, (কলেজ ও প্রশাসন/ মাধ্যমিক/ পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয় (সকল)।
৫. উপপরিচালক (প্রশাসন/ প্রোগ্রাম/ ইকুইটি), সেসিপ, ঢাকা।
৬. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয় (সকল)।
৭. প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-৩), সেসিপ (পত্রটি সেসিপ [www.sesip.gov.bd](http://www.sesip.gov.bd) ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সংরক্ষণ নথি।

  
(মোহাম্মদ সাজ্জাদ হোসেন)

প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-২)  
ফোন: ৯৫৭৩৮৪৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা শিক্ষা অফিস  
জেলা -----



সংযুক্ত ছক [বাংলা ফন্ট SutomyMJ]

বিষয়: মাধ্যমিক/দাখিল (৬ষ্ঠ থেকে ৮ম) পর্যায়ে ধারাবাহিক মূল্যায়ন বিষয়ক প্রশিক্ষণে মাস্টার ট্রেনার তৈরির লক্ষ্যে শিক্ষকবৃন্দের নামের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

ক্রম	নাম, পদবী, প্রতিষ্ঠানের নাম	বিষয় বাংলা/ইংরেজী/গণিত/ বাংলাদেশ ও বিশ্ব পরিচয়/বিজ্ঞান	উপজেলা, জেলা	মোবাইল নম্বর	শিক্ষণত যোগ্যতা/ অভিজ্ঞতা
১.					
২.					
৩.					
৪.					
৫.					
৬.					
৭.					
৮.					
৯.					
১০.					

১ মনোনীত শিক্ষক যে বিষয়ে পাঠদান করান তা উল্লেখ করতে হবে।

২ মোবাইল নম্বর ব্যতীত কোন শিক্ষক/কর্মকর্তার নাম প্রেরণ করা যাবে না।

স্বাক্ষর

স্বাক্ষর

স্বাক্ষর

জেলা শিক্ষা অফিসারের স্বাক্ষর  
জেলা -----  
তারিখ: -----